

গ্রেটার নয়ডায় সাম্প্রতিক ঘটনার পর সরকারের গৃহীত পদক্ষেপ

ইরিত্রিয়ার রাষ্ট্রদূত, যিনি আবার আফ্রিকার হেড অফ মিশনের ডিন, তাদের দিক থেকে জারি করা একটি বিবৃতি আমরা দেখেছি। এটা অত্যন্ত দুর্ভার্যজনক যে, অপরাধমূলক কর্মকাণ্ডে সন্দেহভাজন পরিস্থিতিতে এক তরুণ ভারতীয় পদচারীর মৃত্যু নিয়ে বিদেশীদের উপর আতঙ্ক তৈরি করা হচ্ছে এবং জাতিগত ঘটনা বলে আখ্যা দেওয়া হচ্ছে। ভারতীয় তরুণের মৃত্যুর তদন্ত চলছে এবং স্থানীয় মানুষের কাছ থেকে ঘটনার পরবর্তী তথ্য সংগ্রহ করা হচ্ছে।

সরকার গ্রেটার নয়ডায় কয়েকজন নাইজেরিয়ান নাগরিকের উপর হামলার ঘটনার তীব্র নিন্দা করেছে এবং এই ঘটনাকে অগ্রহণযোগ্য হিসাবে উল্লেখ করেছে। গুরুত্বপূর্ণ বিষয় যে, এই বিষয়টি নিয়ে বিবৃতি জারি করেছেন পররাষ্ট্রমন্ত্রী এবং সংসদেও বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে।

ঘটনার পরই পররাষ্ট্রমন্ত্রী উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রীর সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেন এবং স্থানীয় প্রশাসন দ্রুত সন্দেহভাজনকে গ্রেফতার করেছে। এফআইআর দায়ের করা হয়েছে এবং বিস্তৃতভাবে বিষয়টির তদন্ত করা হচ্ছে। স্থানীয় প্রশাসন নাইজেরিয়ান নাগরিকদের নিরাপত্তার বিষয়টি জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করেছে। আফ্রিকান নাগরিকদের সঙ্গে দিল্লি এবং গ্রেটার নয়ডার পুলিশের মধ্যে সমন্বয় সাধনের জন্য বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আফ্রিকান নাগরিক বিশেষ করে আফ্রিকান ছাত্রদের সুরক্ষা ও নিরাপত্তার মতো স্পর্শকাতর বিষয়টি নিয়ে স্থানীয় প্রশাসনকে বিশেষ করে নজর দিতে বলেছে পররাষ্ট্রমন্ত্রক। আহত তিনি নাইজেরিয়ান নাগরিককে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

এটা উল্লেখ করা যেতে পারে যে, এক কেনীয় নাগরিকের উপর হামলার রিপোর্ট প্রত্যাহার করে নেওয়া হয়েছে এবং সরকার কেনিয়ার হাই কমিশনকে ওই কেনীয় নাগরিকের বিষয়ে জানিয়ে দিয়েছে যে, তাঁর পর্যটক ভিসার মেয়ার শেষ হয়ে গিয়েছে। তবে, কেনীয় হাই কমিশন তার অভিযোগের প্রেক্ষিতে স্থানীয় পুলিশ দ্রুত ব্যবস্থা নেওয়ায় সন্তোষ প্রকাশ করেছে।

আফ্রিকান নাগরিক, যাঁরা আমাদের অন্যতম মূল্যবান অংশীদার,-সহ ভারতে থাকা প্রতিটি বিদেশি নাগরিকদের সুরক্ষা ও নিরাপত্তা সুনির্ণিত করতে সরকার প্রথম থেকেই প্রতিশ্রুতিবদ্ধ। শক্তিশালী ভারতীয় প্রতিষ্ঠান কয়েকজন দুষ্কৃতীর বিরুদ্ধে আইনত ব্যবস্থা গ্রহণ করতে যথেষ্ট সক্রিয়।

নয়াদিল্লি

এপ্রিল ০৩, ২০১৭